গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(আইসিটি শাখা)
www.lalmonirhat.gov.bd

**বিষয় : জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী ।**

সভাপতি : মোছাঃ আফরোজা খাতুন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
লালমনিরহাট।
সভার তারিখ : ১৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি: ।
সময় : বিকাল ৩.৪৫ টা।
সভার স্থান : জেলা প্রশাসক, লালমনিরহাট এঁর সম্মেলন কক্ষ।
উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ক-তে দেখানো হলো।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে ইনোভেটিভ আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি এবং নতুন নতুন আইডিয়া গ্রহণের বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **নতুন উদ্ভাবনী আইডিয়া সংযোজন :** উপস্থাপিত কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের সাথে গত সভার কার্যবিবরণী সংশোধন করার বিষয়ে আলোচনা করা হয় এবং নতুন সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্বের ইনোভেশনসমূহ বাস্তবায়নের নিমিত্ত তদারকি বৃদ্ধি এবং নতুন নতুন ইনোভেশনের তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম/ উপজেলা ইনোভেশন টিম |
| ০২ | **বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা- ২০২২-২০২৩ বাস্তবায়ন :** সভায় লালমনিরহাট জেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ সঠিক সময়ে প্রণয়ন এবং বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া উপজেলা পর্যায়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা ইনোভেশন টিমকে তাগিদ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | [২.১] লালমনিরহাট জেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সচেষ্ট হতে হবে।<br>[২.২] উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সচেষ্ট হতে উপজেলা ইনোভেশন অফিসারগণকে তাগিদ দিতে হবে। | জেলা ইনোভেশন টিম/ উপজেলা ইনোভেশন টিম |
| ০৩ | **ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ** সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন। এছাড়া প্রতি দুই মাস পর পর ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান বিষয়ে আলোচনা করা হয়। | [৩.১] জেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা সফল বাস্তবায়ন করতে হবে।<br>[৩.২] ইনোভেশন টিমের দ্বিমাসিক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | জেলা ইনোভেশন টিম। |
| ০৪ | **উদ্ভাবনী উদ্যোগ হালকরণ :** জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের কেউ বদলী হলে, অবসর গ্রহণ করলে বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট পদটি শূন্য হয় অথবা নতুন কোন কর্মকর্তা উক্ত পদে যোগদান করে। ফলে উদ্ভাবনী উদ্যোগের সংখ্যা নিরুপণ এবং এ সংক্রান্ত তথ্যাদির হালকরণে অসুবিধার সৃষ্টি হয়। এজন্য প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগের তথ্য প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | [৪.১] প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব স্ব উপজেলার উদ্ভাবনী উদ্যোগের তথ্য প্রেরণ করবেন।<br>[৪.২] উদ্ভাবনী উদ্যোগের হালনাগাদ তথ্যের জন্য জেলা পর্যায়ের কর্মকর্তাগণ বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>[৪.৩] উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য প্রেরণের জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৫ | **চলমান ইনোভেশন আইডিয়া পরিদর্শন :** কমিটির সকল সদস্য কর্তৃক জেলায় চলমান আইডিয়াসমূহ পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ইনোভেশন টিমের সদস্যগণ স্ব-উদ্যোগে উপজেলা পর্যায়ের সফল আইডিয়াসমূহ পরিদর্শন অব্যাহত রাখবেন। | জেলা ইনোভেশন টিমের সকল সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **বিবিধ :**<br>(১) উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত করা। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করা।<br>(২) জেলা তথ্য বাতায়নে ইনোভেশন বিষয়ক কার্যক্রমসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখা।<br>(৩) ইনোভেশন বিষয়ে কর্মপরিকল্পনা, অগ্রগতি, নতুন উদ্যোগ গ্রহণ, সাফল্য, চ্যালেঞ্জ ইত্যাদি বিষয় অন্তর্ভূক্ত করে অর্থ বছর শেষে একটি প্রকাশনা বের করার জন্য ছবি, ভিডিও এবং ইনোভেশন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করা। | [৬.১.১] উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>[৬.২.১] জেলা তথ্য বাতায়নে ইনোভেশন বিষয়ক কার্যক্রমসমূহ হালানাগাদকরণের জন্য সহকারী কমিশনার, আইসিটি শাখা, লালমনিরহাটকে বলা হয়।<br>[৬.৩.১] ইনোভেশন বিষয়ে অর্থবছর শেষে একটি প্রকাশনা বের করার জন্য ছবি, ভিডিও এবং ইনোভেশন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করতে হবে। | জেলা ইনোভেশন টিম/ জেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার, আইসিটি শাখা |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০২/২৩

(মোছাঃ আফরোজা খাতুন)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
জেলা ইনোভেশন অফিসার
লালমনিরহাট
ফোন : ০২৫৮৯৯৮৬৮৬৫
adcglalmonirhat@mopa.gov.bd

১৩/২/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(আইসিটি শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৫২০০.০২৮.০১.০০১.২২- ০৭

তারিখ : ৩০ মাঘ, ১৪২৯ / ১৩ ফেব্রুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪) জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট।
৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লালমনিরহাট।
৭) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, লালমনিরহাট।
৮) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট।
৯) জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
১০) উপজেলা নির্বাহী অফিসার, সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম, লালমনিরহাট।
১১) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
১২) ....................................... ........................................................লালমনিরহাট।

১৩/০২/২৩

(মোছাঃ আফরোজা খাতুন)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
লালমনিরহাট
ফোন : ০২৫৮৯৯৮৬৮৬৫
adcglalmonirhat@mopa.gov.bd

১৩/২/২৩